

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.১০৭.০৩৩.০০.০০.০১৩.২০১৫-৬১০(৬৪)

তারিখ: ২৬ বৈশাখ, ১৪২৩।
০৯ মে, ২০১৬।

বিষয়: প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্ম তারিখ এবং অভিভাবকগণের নামের বানান সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা সংক্রান্ত নির্বাহী কমিটির ২০তম সভায় প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্ম তারিখ এবং অভিভাবকগণের নাম সংশোধনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(১) প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে জন্ম সনদ প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় জন্ম সনদের ভিত্তিতে জন্ম তারিখ সংশোধন করতে হবে। উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ সনদপত্রে জন্ম তারিখ সংশোধনের পর ওয়েবসাইটে সংশোধনের লক্ষ্যে আবশ্যিকভাবে বিষয়টি অধিদপ্তরের আইএমডি বিভাগকে অবহিত করবেন। আইএমডি বিভাগ ওয়েবসাইটে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(২) উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ পরীক্ষার্থীর অভিভাবকগণের জাতীয় পরিচয় পত্র অনুসারে নাম সংশোধন করে প্রদান করবেন। এধরনের সংশোধনের জন্য আবেদন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয়তা নেই।

(৩) এবিষয়ে পূর্বে জারীকৃত সকল পত্র এতদ্বারা রহিত করা হলো।

২। এমতাবস্থায়, প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা সংক্রান্ত নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে পরীক্ষার্থীদের জন্ম তারিখ এবং অভিভাবকগণের নামের বানান সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

জেলা.....।


মীর্জা মোঃ হাসান খসরু

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭



অনুলিপি:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/বরিশাল/খুলনা/চট্টগ্রাম/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানা.....জেলা.....।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫। অফিস কপি।
- ৬। গার্ড ফাইল কপি।